

যে তমসা নদীর তীরে

যে তমসা নদীর তীরে আমি আজ বসে আছি তার বালুকণাগুলি আমাকে জানাতে চাইছে আমি জল থেকে কতটা পৃথক - তার ঢেউগুলি আমাকে বোঝাতে চাইছে আমি গাছ নই, আর গাছের আড়ালে ঐ ধাঙড়বস্ত্রির এক মদ্যপানরত যুবক আমাকে বলতে চাইছে আমি মেঘ থেকে নামলাম, এই মাত্র, সান্ধাৎ তারই চোখের সামনে।

হবেও বা। তাহলে বর্ষার আঁধার সকালে আমি ডানা গুঁজে বসে থাকি।  
রোদ উঠলে উড়ে যাব।

উৎপলকুমার বসু